দৈনিক
ইনকিলাব

তারিখ OCT. 1 2006
পৃষ্ঠা ... কলাম ...

হিলা শিক্ষিকা নিয়োগের সিদ্ধান্ত মাদ্রাসা ধ্বংসের সিদ্ধ

# মাদ্রাসায় ৩০% মহিলা কোটা সিদ্ধান্ত প্রতিহত করা হবে

স্টাফ রিপোর্টার ঃ আলিয়া মাদ্রাসায় শতকরা ৩০ ভাগ মহিলা শিক্ষিকা নিয়োগের সিদ্ধান্তের তীব্র প্রতিবাদ করেছেন বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ। পৃথক পৃথক বিবৃতিতে নেতৃবৃন্দ বলেছেন এ সিদ্ধান্তের ফলে মাদ্রাসা শিক্ষার ঐতিহ্য এবং ধর্মীয় বিধান উভয়ই লংঘিত ও বিনষ্ট হবে। এতে ইসলামী বিধান, পর্দা প্রথা মারাত্মক হুমকীর মুখে পড়বে। নেতৃবৃন্দ বলেন, মাদ্রাসায় ৩০ ভাগ মহিলা শিক্ষিকা নিয়োগের সিদ্ধান্ত প্রত্যাহার না করলে দেশের ইসলাম প্রিয় জনতা জোট সরকারকে আঁস্তাকুড়ে নিক্ষেপ করবে। তারা মহিলা মাদ্রাসায় শতকরা ১০০ ভাগ মহিলা শিক্ষিকা ও পুরুষ মাদ্রাসায় শতকরা ১০০ ভাগ পুরুষ শিক্ষক নিয়োগের দাবী করেন।

### ইসলামী ঐক্য আন্দোলন

ইসলামী ঐক্য আন্দোলনের আমীর হাফেজ মুহাম্মদ হাবীবুর রহমান ও সাংগঠনিক সম্পাদক মাওলানা মুহাম্মদ রুহুল আমীন বলেছেন, জোট সরকার মাদ্রাসায় ৩০ ভাগ মহিলা শিক্ষক নিয়োগের শর্তের জালে ফেলে মাদ্রাসা শিক্ষা বন্ধ করার চক্রান্ত করেছে।

মাদ্রাসার দ্বীনি চেতনা বিলুপ্ত ও ইসলামের পর্দার বিধান অচল করার জন্য সরকার এ আত্মঘাতী সিদ্ধান্ত নিয়েছে। তারা বলেন, দেশের শীর্ষস্থানীয় আলেম-ওলামা, পীর-মাশায়েখ, মাদ্রাসার ছাত্র-শিক্ষক ও তৌহিদী জনতার তীব্র বিরোধিতা সত্ত্বেও সরকারের এহেন সিদ্ধান্ত ইসলামী মূল্যবোধকে চিরতরে খতম করার সিদ্ধান্ত। নেতৃদ্বয় বলেন, মাদ্রাসায় ৩০ ভাগ মহিলা শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত প্রত্যাহার করা না হলে তৌহিদী জনতা আপনাদেরকে আঁস্তাকুড়ে নিক্ষেপ করবে। নেতৃদ্বয় মহিলা মাদ্রাসায় শতভাগ মহিলা ও পুরুষ মাদ্রাসায় শতভাগ পুরুষ শিক্ষক নিয়োগের আহ্বান জানান।

### ইসলামী ঐক্যজোট

ইসলামী ঐক্যজোট ও বাংলাদেশ খেলাফত মজলিসের মহাসচীব মাওলানা আব্দুর রব ইউসুফী। তিনি বলেন, এই সিদ্ধান্তের ফলে মাদ্রাসা শিক্ষার ঐতিহ্য ও ধর্মীয় বিধান উভয় লংঘিত ও বিনষ্ট হবে। ইসলামী বিধান পর্দা এতে মারাত্মকভাবে হুমকীর মুখে পড়বে। তিনি কেবল মহিলা আলিয়া মাদ্রাসায় মহিলা শিক্ষিকা নিয়োগ করা এবং পুরুষ প্রতিষ্ঠানগুলোতে মহিলা শিক্ষিকা নিয়োগের সিদ্ধান্ত বাতিলের আহ্বান জানান।

### জমিয়তে তালাবায়ে আরাবিয়া

বাংলাদেশ জমিয়তে তালাবায়ে আরাবিয়ার কেন্দ্রীয় সভাপতি মুহাঃ ওয়ালী উল্লাহ ও প্রধান সম্পাদক আমিনুল ইকরাম বলেছেন, মাদ্রাসায় ৩০% মহিলা শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত কার্যকর করার মাধ্যমে সরকার মাদ্রাসার নৈতিক পরিবেশ ধ্বংস করার চক্রান্তে লিপ্ত হয়েছে। নেতৃদ্বয় আরও ব
সরকার এর মাধ্যমে প্রতিশ্রুতি ভঙ্গ
নতুন করে প্রতারণার আশ্রয় নিয়ে
মাদ্রাসার দ্বীনি চেতনা ও পর্দার বিধান বি
করতে সরকার এ সিদ্ধান্ত নিয়েছে। 
বলেন, সরকার ৩০% মহিলা শি
নিয়োগের যে সিদ্ধান্ত নিয়েছে দেশ-জাতি
প্রতি